

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ভবন
১১২ সার্কিট হাউজ রোড, ঢাকা।
www.masscommunication.gov.bd

স্মারক নম্বর: ১৫.৫৬.০০০০.০০২.৯৯.৯৭.১৫ (পার্ট-১)/৩৯২

তারিখ: ২২.০২.২০২১ খ্রি.

বিষয়: তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সংবলিত ফেব্রুয়ারি-২০২১ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন।


গণযোগাযোগ অধিদপ্তর ৬৪ জেলা তথ্য অফিস এবং পার্বত্য এলাকায় উপজেলা পর্যায়ে ৪ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে পাক্ষিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ (ব্র্যান্ডিং শেখ হাসিনা) বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতা, বিষয়ভিত্তিক ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশ, দেশান্তরবোধক ও উদ্বুদ্ধকরণ সংগীতানুষ্ঠান আয়োজন করে থাকে। এ সকল কাজ বাস্তবায়নের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঞ্জি দমন, মাদকবিরোধী অভিযান, তথ্য অধিকার আইন এবং সরকারের সাফল্য, অর্জন ও উন্নয়ন কর্মকাণ্ডের বার্তা প্রচার করে থাকে।

এ সকল কর্মকান্ড বাস্তবায়ন করতে গিয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে ফেব্রুয়ারি-২০২১ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

সংযোজনী: জনমত প্রতিবেদন এক প্রস্তু।


২২/২/২০২১
(বিধান চন্দ্র কর্মকার)

মহাপরিচালক

ফোনঃ ৮৩০০৬৪০

dgmasscommunication@yahoo.com

সচিব

তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

০১। উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা (প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

ফেব্রুয়ারি-২০২১ (১ম পক্ষ)

জনমত শিরোনাম

- শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রতি শ্রদ্ধা নিবেদনের মধ্যদিয়ে শুরু হয়েছে ভাষা আন্দোলনের মাস ফেব্রুয়ারি। মাসব্যাপী বিভিন্ন আয়োজনে জনগণের অংশগ্রহণ।
- চাল ও ভোজ্যতেল এবং কতিপয় নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম কিছুটা বৃদ্ধি পেয়েছে। বাজারে সবজির দাম কম থাকায় ভোক্তাসাধারণের সন্তোষ প্রকাশ। নিত্যপণ্যের মূল্য নিয়ন্ত্রণে নিয়মিত বাজার তদারকির দাবি জানিয়েছেন জনসাধারণ।
- আমন মৌসুমে ধানের ন্যায্যমূল্য পাওয়ার প্রত্যাশা কৃষকের।
- সড়ক দুর্ঘটনা প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ দেশবাসীর।
- আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকদ্রব্যের অপব্যবহার, ভেজাল ও বিষাক্ত মদ তৈরিরোধে কর্তৃপক্ষের মাদক বিরোধী অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

২২

-শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রতি শ্রদ্ধা নিবেদনের মধ্যদিয়ে শুরু হয়েছে ভাষা আন্দোলনের মাস ফেব্রুয়ারি। মাসব্যাপী বিভিন্ন আয়োজনে জনগনের অংশগ্রহণ।

শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রতি শ্রদ্ধা নিবেদনের মধ্যদিয়ে শুরু হয়েছে ভাষা আন্দোলনের মাস ফেব্রুয়ারি। মাসব্যাপী বিভিন্ন আয়োজনে জনগনের অংশগ্রহণ। ভাষার এই মাসে নানা আয়োজনের মাধ্যমে সমগ্র জাতি সশ্রদ্ধচিত্তে স্মরণ করছে ১৯৫২ সালে রাষ্ট্রভাষা বাংলার দাবিতে প্রাণ দেয়া সকল ভাষা শহিদ ও ভাষা সংগ্রামীদের। ২১ ফেব্রুয়ারি মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে দেশব্যাপী ব্যাপক প্রস্তুতি চলছে বলে জনমতে প্রকাশ। ভাষা শহিদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানাতে প্রস্তুত জনসাধারণ।

- চাল ও ভোজ্যতেল এবং কতিপয় নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম কিছুটা বৃদ্ধি পেয়েছে। বাজারে সবজির দাম কম থাকায় ভোক্তাসাধারণের সন্তোষ প্রকাশ। নিত্যপণ্যের মূল্য নিয়ন্ত্রণে নিয়মিত বাজার তদারকির দাবি জানিয়েছেন জনসাধারণ।

চাল ও ভোজ্যতেল এবং কতিপয় নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম কিছুটা বৃদ্ধি পেয়েছে। বাজারে শীতকালীন সবজির সরবরাহ বেশি থাকার কারণে ভোক্তাসাধারণ সন্তোষ প্রকাশ করেছে। তবে চাল, পিঁয়াজ, চিনি, রসুনসহ নিত্যপণ্যের বাজার নিয়মিত তদারকির ওপর গুরুত্বারোপ করেছে সচেতনমহল।

এছাড়া, খুচরা ও পাইকারি বাজারে দ্রব্যমূল্যের বৃদ্ধির ক্ষেত্রে মধ্যস্বত্ত্বভোগী এবং অসাধু চক্রের দৌরাত্ম্য কঠোর হস্তে দমনের দাবি জানিয়েছে ক্রেতাসাধারণ।

- আমন মৌসুমে ধানের ন্যায্যমূল্য পাওয়ার প্রত্যাশা কৃষকের।

চলতি আমন মৌসুমে ধানের ন্যায্যমূল্য পাওয়ার প্রত্যাশা ব্যক্ত করেছে কৃষকসমাজ। কৃষক যাতে ধানের ন্যায্যমূল্য পায় সেজন্য সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। সরকারের উদ্যোগসমূহ যাতে সুন্দরভাবে বাস্তবায়ন হয় তার দাবি জানিয়েছে সচেতনমহল। সরাসরি কৃষকের কাছ থেকে ধান কেনার আশা ব্যক্ত করেছে কৃষকসমাজ।



-সড়ক দুর্ঘটনা প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ দেশবাসীর।

সড়কে বিশৃঙ্খলা নিয়ন্ত্রণ ও দুর্ঘটনা প্রতিরোধে ঢাকাসহ সারাদেশে গণপরিবহন সুশৃঙ্খলভাবে নিয়ন্ত্রণ করা প্রয়োজন। এক্ষেত্রে বাংলাদেশ পুলিশ, গণপরিবহন মালিক সমিতি এবং শ্রমিক ফেডারেশনের সহায়তামূলক সমন্বিত উদ্যোগ প্রয়োজন। এ বিষয়ে নগর পরিকল্পনাবিদরা জানান, সড়কের পুরো সিস্টেম ক্রুটিমুক্ত করতে হবে। ক্রুটিপূর্ণ সিস্টেমগুলোর অবকাঠামোগত উন্নয়ন সর্বাগ্রে প্রয়োজন বলে জনমতে প্রকাশ।

-আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকদ্রব্যের অপব্যবহার, ভেজাল ও বিষাক্ত মদ তৈরিরোধে কর্তৃপক্ষের মাদক বিরোধী অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

বিচ্ছিন্ন কিছু ঘটনা ছাড়া সারাদেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক আছে বলে জনমত প্রতিক্রিয়ায় জানা গেছে। মাদকদ্রব্যের অপব্যবহার, ভেজাল ও বিষাক্ত মদ তৈরিরোধে পুলিশ প্রশাসন ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে। ভেজাল মদপানে কয়েকজনের অকাল মৃত্যুর ঘটনা বেশ বেদনাদায়ক ও স্পর্শকাতর ছিল। ভেজাল মদের কারখানা ধ্বংস করা এবং এ গর্হিত কাজের সাথে সংশ্লিষ্টদের বিরুদ্ধে পুলিশ এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহায়তা সন্তোষজনক। ভেজাল মদ এবং ইয়াবাসহ জীবনঘাতী মাদকের বিরুদ্ধে অভিযান আরো জোরদারের দাবী সচেতন জনগণের। তথ্য অফিসসমূহ মাদক প্রতিরোধে বিভিন্ন সচেতনতামূলক প্রচার কার্যক্রম বাস্তবায়ন করছে।